

Letter emailed to

Chief Minister cm-wb@nic.in

Dr Amit Mitra, Finance Minister, West Bengal, fm-wb@nic.in

Shri Manoj Pant, IAS, Principal Secretary (Finance) fs-wb@nic.in

Shri Jagdish Prasad Meena, IAS, Secretary secy.fd-wb@gov.in

প্রতি

মমতা ব্যানার্জি
মাননীয় মুখ্যমন্ত্রী,
পশ্চিমবঙ্গ সরকার

বিষয়: পাচারের সারভাইভরদের জন্য ভিকটিম ক্ষতিপূরণ নিশ্চিত করতে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপের অনুরোধ

মাননীয় মুখ্যমন্ত্রী,

আমরা উত্থান, বিজয়িনী এবং বন্ধনমুক্তি নামে তিন টি যুবনেত্রী দের দল। আমাদের দলের সদস্যরা পাচার, শোষণ এবং বিভিন্ন ধরনের হিংসার সারভাইভর। আমরা পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনার বাসিন্দা। সব মিলিয়ে, তিনটি দলে ১৫০ জন সদস্য রয়েছে। আমরা এই দল গুলি গঠন করার সিদ্ধান্ত নিয়েছিল্যাম যাতে আমরা এক সাথে মিলে আমাদের ভালো ভাবে জীবন যাপনের জন্য প্রয়োজনীয় অধিকার এবং পরিষেবাগুলি পেতে লড়াই করতে পারি, এবং যাতে আমরা একে অপরকে সমর্থন এবং অন্যান্য পাচার, শোষণ এবং বিভিন্ন ধরনের হিংসার সারভাইভরদের সমর্থন করতে পারি। আজ, আমরা একসঙ্গে কাজ করি যাতে আমাদের অভিজ্ঞতা এবং পরামর্শগুলি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে ভাগ করে নিতে পারি, যাতে মানব পাচার, শোষণ এবং অন্যান্য হিংসার ঘটনার সারভাইভররা সবাই তাদের অধিকার পেতে পারে। আমরা বিশ্বাস করি যে আমাদের অধিকারগুলি নিশ্চিত করার জন্য কী কাজ করছে এবং কী কাজ করছে না সে সম্পর্কে আমাদের অভিজ্ঞতা সরকারি আধিকারিকদের সাথে শেয়ার করা তাঁদের প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া খুবই গুরুত্বপূর্ণ।

আমাদের প্রত্যেক সদস্যকেই বিভিন্ন সময়ে যৌন শোষণের জন্য পাচারকারীরা পাচার করে ছিল। এই পাচারকারীদের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করেছি আমরা। প্রশাসন এবং বিভিন্ন সংস্থার সাহায্যে সেখান থেকে বের হয়ে, বা অনেক ক্ষেত্রে নিজেরাই পালিয়ে ফিরে আসার পর, আমরা আমাদের স্থানীয় সংগঠন এবং আইনজীবীদের সাহায্য নিয়ে আমাদের জেলার জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের কাছে ক্ষতিপূরণের আবেদন করেছি। ২০১৯ থেকে এখন পর্যন্ত ডিএলএসএ ২৯ জন সারভাইভরদের ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দিয়েছে। আমরা প্রতিটি নির্দেশের বিবরণ এই মেইল এর সাথে পাঠাচ্ছি। দুর্ভাগ্যবশত, এত মাস পেরিয়ে গেলেও আজ পর্যন্ত ২৯ জনের কেউই তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা পায়নি। যখন তারা রাজ্য স্তরের আইনি পরিষেবা কর্তৃপক্ষের কাছে আবেদন করে ক্ষতিপূরণ টাকা ব্যাঙ্কে পাওয়ার জন্য তাঁদেরকে এস এল এস এ জানায় যে SLSA তহবিলে টাকা নেই, এবং যতক্ষণ না তারা টাকা পাচ্ছেন ক্ষতিপূরণ প্রাপকদের অপেক্ষা করতে হবে।

ম্যাডাম, আমরা নিশ্চিত যে আপনি জানেন যে এই কঠিন সময়ে আমরা কি ধরনের আর্থিক সমস্যার সম্মুখীন হচ্ছি। ক্ষতিপূরণের এই টাকা আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ—আমাদের মধ্যে কেউ কেউ উপার্জনের জন্য ক্ষুদ্র-ব্যবসা শুরু করতে চায়, আমাদের কারও কারও জন্য এই টাকা আমাদের পড়াশোনা চালাতে কাজে লাগবে, অনেকের প্রয়োজন চিকিৎসার জন্য, আমাদের নিজস্ব বাড়ি তৈরিতে, আমাদের ভবিষ্যৎ সুরক্ষিত করতে সাহায্য করবে কিছু টার্ম ডিপোজিট ইত্যাদিতে অর্থের কিছু অংশ জমা রেখে। আমরা সকলেই বছরের পর বছর ধরে খুব কঠিন পরিস্থিতির সাথে লড়াই করে এই জায়গায় এসেছি যেখানে আমরা আমাদের ক্ষতিপূরণ দেওয়ার পক্ষে ডিএলএসএ থেকে আদেশ পেতে শুরু করেছি। আমাদের জন্য পুলিশ অফিসারদের আমাদের এফআইআর নেওয়ার জন্য রাজি করানো, তারপর ক্ষতিপূরণের জন্য আবেদন করা, ডিএলএসএ –তে শুনানির জন্য দিনের পর দিন যাওয়া এবং অপরাধীরা আমাদের উপর কি ধরনের অত্যাচার করেছে তা বার বার বলা, এবং এই সব কিছুর সাথে বাড়িতে এবং

গ্রামে সব সময় কলঙ্ক/স্টিগমার মোকাবেলা করা – প্রতিটা পদক্ষেপ আমাদের পক্ষে খুব কঠিন ছিল। আমরা আইন অনুযায়ী ক্ষতিপূরণের অধিকার পেতে এই সবকিছুর মধ্য দিয়ে গেলাম। লড়াইটা কঠিন এবং লম্বা হবে জেনেও আমরা আইনের উপর আস্থা রাখার সিদ্ধান্ত নিয়েছিলাম। এখন, এই মুহুর্তে যখন আমাদের রাজ্য সরকার আমাদেরকে বলছে যে তাদের তহবিলে টাকা নেই, আমরা উদ্বিগ্ন, ক্ষুব্ধ এবং হতাশ বোধ করছি।

একটি রাজ্যের মুখ্যমন্ত্রী সেই রাজ্যের নেতা, আপনি পশ্চিমবঙ্গের নাগরিকদের জন্য সিদ্ধান্ত গ্রহণকারী – তাই আমরা এই আশাহীন পরিস্থিতিতে সাহায্যের জন্য আপনার কাছে আসার সিদ্ধান্ত নিয়েছি। আমরা জানি যে 2015 সালে আপনি পাচারের সারভাইভরদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য মুক্তির আলো নামে একটি স্কিম শুরু করেছিলেন যা আমাদের মনে অনেক আশা জাগিয়েছে। আমরা জানি আপনি নারী ও মেয়েদের অধিকারের জন্য লড়াই করছেন। আমাদের জীবন রক্ষার জন্য, আমাদের এবং আমাদের পরিবারের সুস্থ ও সুরক্ষিত জীবন নিশ্চিত করতে এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য আমরা আপনাকে অনুরোধ করছি। আমরা আশা করছি যে আপনার সহযোগিতা এবং নির্দেশনা পেলে রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষ সারভাইভরদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য প্রয়োজনীয় ফান্ড পেতে পারে এবং নিশ্চিত করতে পারে যে কোনও সারভাইভরদের কে যেন তার অধিকার পাওয়ার জন্য আইনের নির্দেশিত সময়ের চেয়ে বেশি অপেক্ষা করতে হবে না। এর জন্য আমরা আপনার উপর নির্ভরশীল।

আমরা আপনার সাথে এই বিষয়ে একটি অনলাইন বা সামনা সামনি মিটিং করে জানাতে চাই ভিক্টিম কম্পেন্সেশন পেতে পাচারের সারভাইভরদের অন্যান্য আর কি কি সমস্যা হচ্ছে পশ্চিম বঙ্গে। আপনি অনুগ্রহ করে এই মিটিং এর জন্য আমাদের একটি তারিখ এবং সময় জানান - এই আমাদের অনুরোধ।

ধন্যবাদান্তে,

বন্ধনমুক্তি, উত্থান, এবং বিজয়িনী



To,
Smt Mamata Banerjee,
The Hon'ble Chief Minister,
Government of West Bengal

Subject: Request for the Chief Minister's intervention to ensure Victim Compensation for trafficked survivors

Respected Madam,

We are members of Bandhanmukti, Utthan, and Bijoyini – three collectives of youth leaders who are survivors of human trafficking. Our members are from the North and South 24 Parganas of West Bengal. Altogether, there are 150 members in the three collectives. We decided to form these collectives to support each other in accessing our rights and services necessary for our wellbeing, and also to support any other survivors of trafficking, exploitation and different forms of violence. Today, we work together to share our experiences and suggestions to the concerned authorities so that all survivors of human trafficking, exploitation and violence can receive support to access their rights. We believe that sharing our lived experiences of what's working and what's not working to ensure our rights is very important for the government duty-bearers to take necessary steps

Each of us were trafficked for commercial sexual exploitation at different times. Upon rescue and return, we have applied for victim compensation to the District Legal Services Authorities in our districts with support from our local organisations and lawyers. Eventually, the DLSA has given orders allowing compensation to 29 of the survivors who had applied. We are enclosing the details of each of those orders as an annexure. Unfortunately, none of them have received the money in their bank accounts till date even after so many months. When they approached the SLSA to release the victim compensation amount which has been awarded between 2019 till date, they were told that the SLSA do not have the necessary fund, and the recipients of the compensation amounts need to wait until SLSA does get the funds.

Madam, we are sure you know what kinds of financial difficulties we are faced with during this difficult times. The amount of compensation is very important for us – some of us want to start micro-businesses to earn, for some of us the money will help in continuing education, for health treatments, for building a house of our own, for securing our future by putting part of the money in some term deposits etc. All of us have gone through very difficult hurdles over the years since being rescued to get to this point where we are starting to get orders from DLSA in favor of giving us compensation. It was very difficult for us convince the police to take FIRs, then to apply for compensation, attend the hearings in DLSA and repeat the ordeal we were put through by the criminals, battling stigma at home and in the villages all the while. We went through all of it to be able to claim our right to compensation as per the law. We decided to put our trust in the law, knowing that it will be difficult and long drawn. Now, at this point when we are told by our state government that they don't have the funds, it leaves us feeling anxious, angry, and in despair.

The Chief Minister of a state is the leader of the state, you are the decision maker for the citizens of West Bengal – so we decided to come to you for help in this hopeless situation. We know in 2015 you had even started a scheme called Muktir Alo to ensure financial security for trafficking survivors which has given us a lot of hope of support from you. We know you fight for the rights of women and girls. We request you to take necessary actions in this regard to protect our lives and to ensure that we and our families have a healthy and secured life. We are hopeful that with your support and direction, the State Legal Services Authorities can get the funds necessary to give compensation to the survivors and can ensure that no trafficking survivor has to wait longer than the time as given in law to receive their right. We are depending on you for this.

We'd also like to request for a meeting with you, either online or in person, so we can share with you what are the challenges being faced by trafficking survivors residing in West Bengal in accessing their victim compensation. We request you, madam, to kindly give us a date and time for this meeting.

Thanking you,
yours faithfully.

Bandhanmukti, Utthan and Bijoyini

